



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/28/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকলের আর্বার ডে উদযাপন এবং শহরাঞ্চলে ও কমিউনিটিতে বনায়ন প্রকল্পগুলোর জন্য 3 মিলিয়ন ডলারের অনুদান লভ্য রয়েছে বলে ঘোষণা

*এই অনুদান প্রাকৃতিক সম্পদ, বায়ু ও পানির গুণমান সুরক্ষিত রাখা এবং জলবায়ু পরিবর্তন মোকাবেলা করতে সাহায্য করার জন্য কমিউনিটির বৃক্ষরোপণ প্রকল্পগুলোকে সহায়তা করছে*

গভর্নর ক্যাথি হোকল আজ মিউনিসিপ্যালিটি, ইন্ডিয়ান নেশন্স, এবং অলাভজনক সংস্থাগুলোর জন্য শহরাঞ্চলে ও কমিউনিটিতে বনায়ন প্রকল্পগুলোর জন্য 3 মিলিয়ন ডলারের নতুন প্রতিযোগিতামূলক অনুদান তহবিল লভ্য রয়েছে বলে ঘোষণা দেওয়ার মাধ্যমে আর্বার ডে স্মরণ করেন। এই নতুন অনুদান তহবিল কমিউনিটির বনাঞ্চলগুলোর স্বাস্থ্য উন্নত করবে এবং স্থানীয় কমিউনিটি বনায়নের কর্মসূচিগুলোকে শক্তিশালী করবে।

"স্টেটজুড়ে বৃক্ষ রোপণ করা এবং সরকারি গাছগুলোর ইন্ভেন্টরি রক্ষা, রোপণ করা, ও রক্ষণাবেক্ষণ করার জন্য কমিউনিটি প্রকল্পগুলোর জন্য এই অনুদানের সুযোগ প্রদান করার মাধ্যমে আর্বার ডে উদযাপন করতে পেরে নিউ ইয়র্ক স্টেট গর্বিত," বলেছেন গভর্নর হোকল। "এসব কমিউনিটি অংশীদারিত্ব আমাদের স্টেটের প্রাকৃতিক সম্পদগুলোকে সুরক্ষিত ও সমৃদ্ধ করবে এবং আমাদের এলাকাগুলোর সৌন্দর্য বর্ধন করবে এবং একইসাথে একটি সবুজতর ভবিষ্যতের জন্য জীবনযাপনের মান উন্নত করবে।"

আর্বার ডে হচ্ছে একটি জাতীয় দিবস যেদিন বৃক্ষের ভূমিকা উদযাপন করা হয় এবং বৃক্ষ রোপণ ও পরিচর্যার বিষয়ে প্রচারণা চালানো হয়। 1872 সালে প্রথম উদযাপিত হওয়া আর্বার ডে কৃষক ও হোমস্টেডারদেরকে খোলা জায়গাগুলোতে ছায়া, আশ্রয়, খাবার, জ্বালানি প্রদান করবে এবং সৌন্দর্য বৃদ্ধি করবে এমন বৃক্ষ রোপণ করতে উৎসাহিত করার একটি উপায় হিসেবে প্রতিষ্ঠা করা হয়েছিল। নিউ ইয়র্কে, ঐতিহ্যগতভাবে এপ্রিল মাসের শেষ শুক্রবার আর্বার ডে উদযাপন করা হয়।

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার বাসিল সেগোস আজ ঈগল পয়েন্ট এলিমেন্টারি স্কুলে (Eagle Point Elementary School) আলবানি সিটি, স্থানীয় অংশীদার, ও শিক্ষার্থীদের নিয়ে আর্বার ডে-তে বৃক্ষ

রোপণের জন্য আয়োজিত একটি ইভেন্টে এই নতুন তহবিল প্রাপ্তির সুযোগের ব্যাপারে আলোকপাত করেন।

**নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন,**  
"আর্বার ডে দৈনন্দিন জীবনে গাছের গুরুত্ব মনে রাখার একটি সুযোগ এবং বৃক্ষ রোপণ করা এবং সেগুলোর রক্ষণাবেক্ষণ করা আমাদের পরিবেশের সুরক্ষার জন্য আমরা যেসব কাজ করতে পারি তার সবচেয়ে সেরা কাজগুলোর মধ্যে অন্যতম। আজ ঘোষণা করা এসব অনুদান স্টেটের বনভূমি সংরক্ষণের লক্ষ্য অর্জনের পথে এগিয়ে যাওয়া, স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে বিনিয়োগ করা, এবং জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের স্কেপিং প্ল্যানের সুপারিশগুলো বাস্তবায়ন করার উদ্দেশ্যে DEC-এর কাজে লাগানো অনেকগুলো সফল বনায়নের হাতিয়ারের মধ্যে একটি।"

আরবান এন্ড কমিউনিটি ফরেস্ট (Urban and Community Forest, UCF) অনুদানের জন্য উপযুক্ত আবেদনকারীরা হচ্ছে 65,000-এর চেয়েও বেশি জনসংখ্যা রয়েছে এমন কমিউনিটি। আবেদনকারীরা বৃক্ষের ইনভেন্টরি রক্ষা করা, কমিউনিটি বনাঞ্চলের ব্যবস্থাপনা পরিকল্পনা, বৃক্ষ রোপণ, অথবা বৃক্ষের রক্ষণাবেক্ষণ বিষয়ক প্রকল্পগুলোতে অর্থায়নের জন্য সর্বোচ্চ 100,000 ডলার অনুদান পাওয়ার জন্য আবেদন করতে পারবে। অপেক্ষাকৃত ছোট আকারের কমিউনিটিগুলো সর্বোচ্চ 75,000 ডলার অনুদান পাওয়ার জন্য আবেদন করতে পারবে। এসব অনুদান পাওয়ার সুযোগ অ্যাক্সেস করতে, <https://grantsmanagement.ny.gov/> ঠিকানায় গ্র্যান্টস গেটওয়ে সাইটে ভিজিট করুন এবং "বৃক্ষ" দিয়ে অনুসন্ধান করুন। DEC01-UCF1-2023 হচ্ছে বৃক্ষের ইনভেন্টরি রক্ষা করা, কমিউনিটি বনাঞ্চলের ব্যবস্থাপনা পরিকল্পনা সংক্রান্ত প্রকল্পগুলোর জন্য অনুদান পাওয়ার সুযোগ এবং অনুদানের জন্য আবেদনের সময়সীমা 21 জুন, 2023 তারিখ পর্যন্ত; DEC01-UCF2-2023 হচ্ছে বৃক্ষ রোপণ এবং বৃক্ষের রক্ষণাবেক্ষণ বিষয়ক প্রকল্পগুলোর জন্য অনুদান পাওয়ার সুযোগ এবং অনুদানের জন্য আবেদনের সময়সীমা 16 আগস্ট, 2023 তারিখ পর্যন্ত। স্টেটের শহরাঞ্চলে ও কমিউনিটিতে বনায়ন কর্মসূচি সম্পর্কে আরো তথ্য জানতে, <https://www.dec.ny.gov/lands/5285.html> ঠিকানায় DEC-এর ওয়েবপেইজে ভিজিট করুন।

4 মে, বৃহস্পতিবার, সকাল 10টায় এই অনুদান সম্পর্কে বিনামূল্যে একটি ওয়েবভিত্তিক তথ্য সেশন আয়োজন করা হবে। দুই ঘণ্টাব্যাপী এই তথ্য সেশনে যোগ দিতে <https://meetny.webex.com/meetny/j.php?MTID=m8632d7da909b7fed96091732ef0a1b48> ঠিকানায় যান। প্রথম অর্ধেকে অনুদানের জন্য আবশ্যিকতাসমূহ নিয়ে আলোচনা করা হবে এবং দ্বিতীয় অর্ধেকে কিভাবে গ্র্যান্টস গেটওয়ে নেভিগেট করতে হবে তা নিয়ে আলোচনা করা হবে। এই তথ্য সেশনে অংশগ্রহণ করতে না পারা ব্যক্তিদের জন্য শহরাঞ্চলে ও কমিউনিটিতে বনায়ন সংক্রান্ত অনুদানের ওয়েবপেইজে <https://www.dec.ny.gov/lands/5285.html> ঠিকানায় একটি রেকর্ডিং পোস্ট করা হবে।

এই অনুদান কর্মসূচির জন্য তহবিল প্রদান করছে স্টেটের পরিবেশ সুরক্ষা তহবিল (Environmental Protection Fund, EPF)। গভর্নরের 2023-24 অর্থবছরের নির্বাহী বাজেটে EPF-এর জন্য ঐতিহাসিক 400 মিলিয়ন ডলারের বরাদ্দ প্রদান করা হয়েছে। EPF অতি গুরুত্বপূর্ণ

পরিবেশ কর্মসূচির অর্থায়ন করে, যেমন ভূমি অধিগ্রহণ, কৃষিভূমির সুরক্ষা, আক্রমণাত্মক প্রজাতির প্রতিরোধ এবং নির্মূল, উন্নত বিনোদন পাওয়ার সুযোগ, পানির মান উন্নয়ন, এবং একটি আগ্রাসী পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচারের এজেন্ডা।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418